

💵 ব্যাংকের সুদ কি হালাল

বিভাগ/অধ্যায়ঃ সূচি ও বিবরন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুশ্তাক আহমাদ কারীমী

কোম্পানীর পরিচিতি

কোম্পানীর আভিধানিক অর্থ হল সংঘ। অবশ্য কখনো কখনো 'সঙ্গী'র অর্থেও ব্যবহার করা হয়। ইউরোপে শিল্পিক বিপলব বিকাশ হওয়ার পরে সপ্তদশ শতান্দীর গোড়ার দিকে বড় বড় কারখানা প্রতিষ্ঠিত করার নিমিত্তে যখন বিরাট অংকের পুঁজির প্রয়োজন দেখা দিল; পরস্তু ঐ পরিমাণ পুঁজি কোন এক ব্যক্তি বা কতিপয় ব্যক্তি দ্বারা জমা বা যোগাড় করা সম্ভবপর ছিল না, তখন সাধারণ সকল শ্রেণীর লোকেদের সঞ্চিত অর্থ একত্রীভূত করে যৌথভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে কোম্পানী-ব্যবস্থা চালু হল। এর প্রাথমিক বৈশিষ্ট্য এই যে, এতে কয়েক ব্যক্তির একটি দলকে একটিমাত্র আইনসম্মত ব্যক্তির পজিশন দেওয়া হয়। ঐ আইনসম্মত ব্যক্তিকে 'কর্পোরেশন' বলা হয়। যার একটি বিভাগ কোম্পানী নামে পরিচিত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4530

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন